জাতির জনক বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট
FATHER OF THE NATION BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MEMORIAL TRUST

# জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

সূত্রঃ বজাস্মৃজা-২/২০২৪/চিত্রাংকন ও রচনা/২৯০ (৬৪)    তারিখঃ ০৭/০৩/২০২৪

বিষয় ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ২০২৪ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

আগামী ১৫ মার্চ, ২০২৪ তারিখ, রোজ শুক্রবার, সকাল ৯:০০ ঘটিকায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের উদ্যোগে 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'-এঁর ১০৪তম জন্মবার্ষিকী ২০২৪ পালন উপলক্ষে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নোক্ত বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকনে সরাসরি অংশগ্রহণ এবং রচনা পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।

১। <u>চিত্রাংকন প্রতিযোগিতা ঃ</u>

চিত্রাংকন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাংকনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স | চিত্রাংকনের বিষয় |
|---|---|---|---|
| ১। | ক- বিভাগ | ৭ বছর পর্যন্ত | ইচ্ছামত |
| ২। | খ- বিভাগ | ৮ থেকে ১০ বছর পর্যন্ত | বাংলাদেশের নদী ও নৌকা |
| ৩। | গ- বিভাগ | ১১ থেকে ১৩ বছর পর্যন্ত | বাংলাদেশের কৃষি ও কৃষক |
| ৪। | ঘ- বিভাগ | ১৪ থেকে ১৬ বছর পর্যন্ত | বঙ্গবন্ধুর জীবনের একটি উল্লেখযোগ্য ঘটনা |

২। <u>রচনা প্রতিযোগিতা ঃ</u>

(খ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহনের বিভাগ, বিষয়ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স/ শ্রেণী | বিষয় | সর্বোচ্চ শব্দ |
|---|---|---|---|---|
| ১। | ক- বিভাগ | ৭ম থেকে ৮ম শ্রেণী | বঙ্গবন্ধুর শৈশব | ৮০০ হতে ১০০০ |
| ২। | খ- বিভাগ | ৯ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত | স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধুর জনহিতকর কাজ | ৮০০ হতে ১০০০ |
| ৩। | গ- বিভাগ | একাদশ শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত | বঙ্গবন্ধু ও বিদ্রোহী মার্চ | ১০০০ হতে ১২০০ |
| ৪। | ঘ- বিভাগ | বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের জন্য | বাংলাদেশের সংবিধানের মূলনীতি | ১২০০ হতে ১৫০০ |

অপর পৃষ্ঠায়-

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, বাড়ি-৬৭৭, সড়ক-৩২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯, বাংলাদেশ, ফোন: ৪৮১২২৫৭১, ফ্যাক্স: ৯১০১১৫৫
Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman Memorial Museum, Bangabandhu Bhaban, House-677, Road-32, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh
Phone: 48122571, Fax: 9101155, Web : www.bangabandhumuseum.org.bd, E-mail: bangabandhumuseum@gmail.com

নিয়মাবলী ঃ

১। চিত্রাংকন ঃ

ক) "আগামী ১৫ মার্চ, ২০২৪ তারিখ, রোজ শুক্রবার, সকাল ৯:০০ ঘটিকায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ধানমন্ডি-৩২, ঢাকারলেকপাড় চত্বর"-এ চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

- ঢাকা মেট্রোপলিটনের প্রতিযোগীদের জন্য সময় ৯:০০ ঘটিকা থেকে ১০:০০ ঘটিকা।
- মেট্রোপলিটনের বাহিরের প্রতিযোগীদের জন্য সময় ১১:০০ ঘটিকা থেকে ১২:০০ ঘটিকা।

খ) চিত্রাংকন ও রচনা উভয় ক্ষেত্রে প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ পুরস্কার এবং ৫টি উত্তম পুরস্কার দেয়া হবে।

গ) প্রতিযোগীদের মধ্যে কাগজ ও পানির পাত্র সরবরাহ করা হবে।

২। রচনা ঃ

ক) বাংলা ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।

খ) চিত্রাংকন ও রচনা উভয় ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, ফোন নম্বর (যদি থাকে)/ মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।

গ) আগামী ৩০ এপ্রিল, ২০২৪ তারিখের মধ্যে "কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯" এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া bangabandhumuseum@gmail.comঠিকানায় পাঠানো যাবে।

ঘ) **www.bangabandhumuseum.org.bd**এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৩। আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীকে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

(মো. নজরুল ইসলাম খান)
কিউরেটর
ফোন ঃ ০২-৪৮১২২৫৭১ (অ.)

প্রাপক :
জেলা শিক্ষা কর্মকর্তা
জেলা : বগুড়া